অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল SUNY RECONNECT এবং CUNY RECONNECT প্রোগ্রামের বড় ধরনের সম্প্রসারণ ঘোষণা করলেন

SUNY এবং CUNY-তে শিক্ষার্থীরা যাতে সাশ্রয়ী, অসাধারণ মানের ডিগ্রি অর্জনের সুযোগ পায় তা নিশ্চিত করতে গভর্নর হোকল-এর প্রতিশ্রুতিকে আরো অগ্রসর করে

আরো বেশি চাহিদাসম্পন্ন প্রোগ্রাম অন্তর্ভুক্ত করা হয়েছে এবং স্টেটের কমিউনিটি কলেজের পাশাপাশি আটটি SUNY কলেজ ও তিনটি CUNY কলেজে অ্যাসোসিয়েট প্রোগ্রামও সম্প্রসারণ করা হচ্ছে

গভর্নর হোকলের Free Community College উদ্যোগটি বেশি চাহিদার ক্ষেত্রগুলিতে 25-55 বছরের প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য টিউশন, ফিস, বই এবং সাপ্লাই দেয়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 2026-27 সালের পাশ করা বাজেটের (Enacted Budget) অংশ হিসেবে SUNY Reconnect এবং CUNY Reconnect প্রোগ্রামের সম্প্রসারণ ঘোষণা করেছেন যাতে নিউ ইয়র্ক স্টেটের (New York State) আরো বেশি প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের SUNY এবং CUNY-তে সাশ্রয়ী, অসাধারণ মানের ডিগ্রি অর্জনের সুযোগ দেওয়া যায় যা নিউ ইয়র্কবাসীদের কর্মক্ষেত্রে সফল হওয়ার জন্য প্রস্তুত করবে। SUNY Reconnect এবং CUNY Reconnect-এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট 25 থেকে 55 বছর বয়সী যোগ্য প্রাপ্তবয়স্কদের জন্য চাহিদাসম্পন্ন বিষয়ে অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জনের ক্ষেত্রে বিনামূল্যে টিউশন, ফি, বই এবং শিক্ষার জন্য প্রয়োজনীয় উপকরণ প্রদান করে।

"কলেজ ডিগ্রির খরচ কখনোই নিউ ইয়র্কবাসীদের জন্য বাধা হওয়া উচিত নয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "SUNY Reconnect এবং CUNY Reconnect-এর সম্প্রসারণের মাধ্যমে আমাদের আরো বেশি প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর জন্য শিক্ষা সাশ্রয়ী ও সহজলভ্য হয়ে উঠবে। প্রত্যেক মানুষেরই তাদের ব্যক্তিগত ও পেশাগত স্বপ্ন পূরণের সুযোগ পাওয়া উচিত। এখন শিক্ষার্থীরা, তাদের বয়স যাই হোক না কেন, সেই সুযোগ পাবেন এবং একই সাথে চাহিদাসম্পন্ন ইন্ডাস্ট্রিগুলিতে আমাদের সাহায্য করতে পারবেন যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে আরো শক্তিশালী করবে।"

গভর্নর Hochul-এর (হোকল) 2026-27 সালের পাশ করা বাজেট SUNY Reconnect এবং CUNY Reconnect সম্প্রসারণ করে সেখানে সাপ্লাই চেইন/লজিস্টিক, এয়ার ট্র্যাফিক কন্ট্রোল এবং এভিয়েশন ব্যবস্থাপনা, এবং জরুরি ব্যবস্থাপনার অ্যাসোসিয়েট ডিগ্রি যোগ করেছে।

স্টেটের পাশ করা বাজেট এছাড়াও প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের যদি অন্য কোনো খাতে আগে একটি ডিগ্রি থাকে তাহলে তাদের জন্য কলেজে ফিরে গিয়ে নার্সিংয়ে পড়াশুনা করা সহজ করেছে, যাতে নিউ ইয়র্ক স্টেটের নার্সিং কর্মশক্তিকে আরো জোরদার করা যায় এবং স্বাস্থ্যসেবা খাতে কর্মীসংখ্যা 20 শতাংশ বাড়ানোর জন্য গভর্নর Hochul-এর (হোকল) লক্ষ্যকে সমর্থন করা যায়।

2026-27 সালের পাশ করা বাজেট এছাড়াও ব্যাচেলর দেওয়া প্রতিষ্ঠানে যোগ্য অ্যাসোসিয়েট ডিগ্রি প্রোগ্রাম যোগ করতে SUNY Reconnect-কে সম্প্রসারিত করে। SUNY-এর ক্ষেত্রে এর মধ্যে রয়েছে: Alfred State, কবলস্কিলের (Cobleskill) SUNY Agriculture and Technology, SUNY Canton, SUNY Delhi, SUNY College of Environmental Science and Forestry (SUNY ESF), SUNY Farmingdale State College, SUNY Maritime College এবং SUNY Morrisville। CUNY-এর ক্ষেত্রে CUNY Reconnect সম্প্রসারিত হয়ে যেখানে অ্যাসোসিয়েট প্রোগ্রামকে সমর্থন করবে: New York City College of Technology, Medgar Evers College এবং College of Staten Island।

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) SUNY Reconnect উদ্যোগ পড়ুয়া স্টেটের প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য উন্নত জীবনের পথে অগ্রসর হওয়া এবং তাদের স্বপ্নের ক্যারিয়ার গড়ার সুযোগ তৈরি করেছে। সাশ্রয়ী সরকারি উচ্চশিক্ষার প্রতি তার ধারাবাহিক বিনিয়োগ ও প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রতি, এবং SUNY ট্রাস্টি বোর্ডের (Board of Trustees) নেতৃত্বের জন্যও আমরা কৃতজ্ঞ, যার ফলে আরো বেশি নিউ ইয়র্কবাসী SUNY-এর মাধ্যমে উচ্চমানের, জীবন পরিবর্তনকারী শিক্ষা লাভের সুযোগ পাচ্ছেন।"

SUNY ট্রাস্টি বোর্ড বলেন, "SUNY Reconnect পুরো নিউ ইয়র্কের প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য রূপান্তরমূলক শিক্ষার সুযোগ প্রদান করেছে। নিউ ইয়র্কবাসীরা যাতে সাশ্রয়ী, অসাধারণ মানের সরকারি উচ্চশিক্ষার সুযোগ পান এবং পুরো স্টেটের SUNY ক্যাম্পাসগুলি যাতে নতুন শিক্ষার্থীদের স্বাগত জানায় ও তাদের স্বপ্ন পূরণে সক্ষম করে তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। SUNY এবং আমাদের প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের প্রতি ধারাবাহিক সমর্থনের জন্য গভর্নর Hochul-কে (হোকল)ধন্যবাদ।"

CUNY-এর চ্যান্সেলর Félix V. Matos Rodríguez (ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ) বলেন, "CUNY গভর্নর Hochul-এর (হোকল) Reconnect উদ্যোগের সম্প্রসারণের প্রশংসা করছে, এটি এমন প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য নতুন সুযোগ তৈরি করছে যাদের আরো বিস্তৃত বিশেষায়িত ক্ষেত্রে ক্যারিয়ারের লক্ষ্য আছে এবং এটি আমাদের তিনটি সার্বিক কলেজ, অর্থাৎ অ্যাসোসিয়েট ডিগ্রি প্রোগ্রাম দেয় এমন চার বছরের প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অ্যাসোসিয়েট ডিগ্রির জন্য অতি গুরুত্বপূর্ণ এই সুযোগ দেয়। আমরা নিউ ইয়র্কবাসীদেরকে স্টেটের অর্থনীতি অগ্রসর করার জন্য এবং আমাদের কর্মশক্তির অতি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণের ক্ষমতা দিচ্ছি।"

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে এবং স্টেট আইনসভার সমর্থনে পরিচালিত SUNY Reconnect ও CUNY Reconnect 2025 সালের মে মাসে শুরু হয় এবং 2025 সালের শরৎকালের সেমিস্টারে নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটি কলেজগুলিতে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। এই প্রোগ্রামের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট 25-55 বছর বয়সী এমন

প্রাপ্তবয়স্কদের জন্য বিনামূল্যে টিউশন, ফি, বই এবং শিক্ষার প্রয়োজনীয় উপকরণ প্রদান করে যারা এখনো কোনো কলেজ ডিগ্রি অর্জন করেননি এবং চাহিদাসম্পন্ন ক্ষেত্রে অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করতে চাইছেন।

SUNY Reconnect এবং CUNY Reconnect উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। পুরো স্টেটে কলেজগুলি এই প্রোগ্রামে 12,000-এর বেশি শিক্ষার্থী ভর্তি করেছে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতি এবং চাহিদাসম্পন্ন ইন্ডাস্ট্রির কর্মশক্তিকে আরো সমর্থন করছে।

SUNY Reconnect এবং CUNY Reconnect নিচের চাহিদাসম্পন্ন ক্ষেত্রে ডিগ্রির জন্য তহবিল প্রদান করে:

- অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং
- এয়ার ট্র্যাফিক কন্ট্রোল এবং এভিয়েশন ব্যবস্থাপনা* (2026-27 শিক্ষা বর্ষের জন্য নতুনভাবে যুক্ত করা হয়েছে)
- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স
- সাইবার সিকিউরিটি
- ইঞ্জিনিয়ারিং
- জরুরি ব্যবস্থাপনা* (2026-27 শিক্ষা বর্ষের জন্য নতুনভাবে যুক্ত করা হয়েছে)
- সাপ্লাই চেইন/লজিস্টিক* (2026-27 শিক্ষা বর্ষের জন্য নতুনভাবে যুক্ত করা হয়েছে)
- টেকনোলজি
- নার্সিং এবং অ্যালাইড হেলথের ক্ষেত্রগুলি
- গ্রিন এবং রিনিউয়েবল এনার্জি
- ঘাটতি ক্ষেত্রে শিক্ষাদানের পথ

2025 সালের মে মাসে SUNY Reconnect শুরু হওয়ার পর থেকে, চ্যান্সেলর King (কিং) SUNY Reconnect ট্যুরের অংশ হিসেবে প্রোগ্রামটির প্রচারের জন্য SUNY-এর কমিউনিটি কলেজগুলি পরিদর্শন করে আসছেন। এই ট্যুর, যা 2025 সালের জুন মাসে Dutchess Community College-এ শুরু হয়েছিল, তার জন্য Tompkins Cortland Community College, SUNY Schenectady, Jefferson Community College, Suffolk County Community College, SUNY Niagara, SUNY Erie Community College, Jamestown Community College, Monroe Community College, SUNY Broome, SUNY Adirondack, Rockland Community College, Ulster Community College, Westchester Community College, Columbia-Greene Community College, Clinton Community College, Herkimer County Community College, Fulton-Montgomery Community College, North Country Community College, Finger Lakes Community College, Cayuga Community College, Hudson Valley Community College, SUNY Sullivan, SUNY Orange, SUNY Genesee এবং Corning Community College পরিদর্শন করা হয়েছে।

CUNY এই বসন্তে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য একটি বড় Reconnect মার্কিং ক্যাম্পেইন শুরু করেছে যেখানে স্বাস্থ্যসেবা, শিক্ষা, প্রযুক্তি ও যোগাযোগে ক্যারিয়ারের উপর বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে। এই ক্যাম্পেইন বর্তমানে নিউ ইয়র্ক সিটির (New York City) সাবওয়ে, বাস,

ফেরি, Metro-North, Long Island Rail Road, রেডিও, টেলিভিশন এবং ডিজিটাল মাধ্যমে পরিচালিত হচ্ছে। চ্যান্সেলর Matos Rodríguez (ম্যাটোস রড্রিগেজ) প্রোগ্রামের অংশ হিসেবে পরিচালিত একটি শৈশবের প্রাথমিক শিক্ষার ক্লাস পরিদর্শন করেন যাতে সার্বজনীন ডে-কেয়ার সম্প্রসারণের জন্য অতি প্রয়োজনীয় শিক্ষকদের প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের ভূমিকা তুলে ধরা যায়।

স্টেটের সিনেটর Toby Ann Stavisky (টোবি অ্যান স্টাভিস্কি) বলেন, "প্রাপ্তবয়স্ক হিসেবে কলেজে ফিরে যাওয়া একজন মানুষের নেওয়া সব থেকে কঠিন সিদ্ধান্তগুলোর একটি। পড়াশুনার সময় চাকরি, পরিবার, এবং বিলের চাপ থেমে থাকে না। SUNY Reconnect এবং CUNY Reconnect সেই বাস্তবতাকে বুঝতে পারে। টিউশনের পাশাপাশি বই ও শিক্ষার প্রয়োজনীয় উপকরণের খরচ বহন করার মাধ্যমে এই প্রোগ্রাম সেই ছোট ছোট দৈনন্দিন খরচ দূর করে যা অনেক মানুষকে ডিগ্রি অর্জনের স্বপ্ন থেকে দূরে সরিয়ে দেয়। নিউ ইয়র্কের সব থেকে প্রয়োজনীয় কর্মক্ষেত্রগুলির জন্য প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের সমর্থন ও প্রস্তুত করতে এই প্রোগ্রাম অসাধারণ কাজ করছে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নাগালের মধ্যে অসাধারণ মানের, সাশ্রয়ী ডিগ্রি নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক চেষ্টার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Alicia L. Hyndman (অ্যালিসিয়া এল হাইন্ডম্যান) বলেন, "2025 সালের শরৎকালের সেমিস্টারে প্রোগ্রামগুলি শুরু হওয়ার পর থেকে নিউ ইয়র্ক স্টেটে 25 থেকে 55 বছর বয়সী 12,000-এর বেশি যোগ্য শিক্ষার্থী SUNY Reconnect এবং CUNY Reconnect-এ ভর্তি হয়েছেন। শিক্ষার্থীরা কমিউনিটি কলেজে এয়ার ট্র্যাফিক কন্ট্রোল এবং এভিয়েশন ব্যবস্থাপনা থেকে শুরু করে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, সাইবার সিকিউরিটি এবং অন্যান্য বিষয়ে অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করছেন। যেসব প্রাপ্তবয়স্কের আগে কোনো কলেজ ডিগ্রি নেই এবং যারা চাহিদাসম্পন্ন ক্ষেত্রে ক্যারিয়ার গড়তে চান, তাদের জন্য এই প্রোগ্রাম বিনামূল্যে টিউশন, ফি, বই এবং শিক্ষার প্রয়োজনীয় উপকরণ প্রদান করে। স্বাস্থ্যসেবা খাতে কর্মী ঘাটতি পূরণের জন্য, প্রোগ্রামটি এছাড়াও ক্যারিয়ার বদলে নার্সিং খাতে যোগ দিতে চাওয়া ব্যক্তিদের ডিগ্রি দিয়ে থাকে, তাদের অন্য একটি খাতে আগে থেকে ডিগ্রি থাকলেও। আমি ধন্যবাদ জানাতে চাই গভর্নর Hochul (হোকল), অ্যাসেম্বলি স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি) এবং স্টেটের আইনসভার (Legislature) অন্যান্য সদস্যদের, কারণ তারা 2026 থেকে 2027 সালের পাশ করা স্টেট বাজেটে প্রোগ্রামটিকে সম্প্রসারণ করেছেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন